


# এসবিএস কোড অফ প্র্যাক্টিস সম্পর্কে

এসবিএস হচ্ছে একটি স্বাধীন ন্যাশনাল পাবলিক টেলিভিশন, রেডিও এবং ডিজিটাল মিডিয়া সার্ভিস যেখানে আমরা **আমাদের চার্টারে** বর্ণিত নীতি দ্বারা অস্ট্রেলিয়ান কমিউনিটির প্রতি দায়িত্ব পালন করি। আমাদের অর্থায়ন করা হয় অস্ট্রেলিয়ান সরকার এবং বিজ্ঞাপনের মত বাণিজ্যিক রাজস্ব দ্বারা।

আমাদের নেটওয়ার্ক জুড়ে আমরা স্বতন্ত্র অস্ট্রেলিয়ান গল্প, স্থানীয় এবং আন্তর্জাতিক সংবাদ এবং চলতি বিষয়সমূহ, খেলাধুলা, আন্তর্জাতিক নাটক এবং তথ্যচিত্র, খাবার, চলচ্চিত্র এবং ৬০টিরও বেশি ভাষায় স্থানীয় রেডিও সার্ভিস পরিচালনা করি। আমরা এখান থেকে ফার্স্ট নেশনস গল্পগুলো বসি, আমাদের ন্যাশনাল ইন্ডিজিনাস টেলিভিশন (এনআইটিভি) আদিবাসীদের দৃষ্টিকোণ থেকে অনুষ্ঠানগুলো সম্প্রচার করে।

আমাদের প্রচারিত বিষয়গুলো যাতে কমিউনিটির প্রত্যাশা পূরণ করে তা নিশ্চিত করতে, আমাদের এসবিএস কোড অফ প্র্যাক্টিস রয়েছে, যেটি এসবিএসের সমস্ত বিষয়বস্তুর জন্য নিয়ম এবং মান নির্ধারণ করে, আপনি টেলিভিশন, রেডিও, অনলাইন বা সোশ্যাল মিডিয়া - যে মাধ্যমেই আমাদের অনুষ্ঠান দেখুন না কেন।

**এই কোড অফ প্র্যাক্টিসটির মধ্যে কিছু গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত, যেমন**



## আস্থা

যেভাবে আমরা নির্ভরযোগ্য এবং প্রাসঙ্গিক বিষয়গুলো প্রচার করি

- আমরা আমাদের বিষয়বস্তু সম্পর্কে স্বতন্ত্র সিদ্ধান্ত গ্রহণ করি।
- আমাদের সংবাদ এবং চলতি বিষয়গুলোর বিষয়বস্তু নির্ভুল, ভারসাম্যপূর্ণ এবং নিরপেক্ষ এবং জনস্বার্থের ওপর নির্ভর করে।
- আমরা মতামত এবং দৃষ্টিভঙ্গির বিস্তৃত ধারণা গ্রহণ করি - আমাদের আধেয়গুলো উদ্ভাবনী এবং চ্যালেঞ্জিং হওয়ার পাশাপাশি বিতর্কিত এবং উস্কানিমূলকও হতে পারে।



## স্বচ্ছতা

আমরা যেভাবে আপনার পছন্দের আধেয়গুলো অনুসরণ করতে সহায়তা করি

- আমরা তথ্য সরবরাহ করি যাতে আপনার জন্য উপযুক্ত বিষয়গুলো আপনি এবং আপনার ওপর নির্ভরশীল যে কোন শিশু এবং তরুণ বাছাই করতে পারেন।
- আমরা নিশ্চিত করি যে বিজ্ঞাপনগুলো আমাদের আধেয় থেকে পৃথক এবং নির্দিষ্ট ধরনের বিজ্ঞাপনটি কোথায় প্রচার হবে তা নির্ধারণের বিষয়ে বিধিবিধান আছে।
- সম্ভাব্য অস্বস্তিকর আধেয়গুলোর জন্য আমরা সম্ভাব্য শ্রোতাদের বিষয়টি বিবেচনা করি, সংবেদনশীলতা অনুশীলন করি, প্রয়োজন হলে যথাযথ সতর্কবার্তা প্রদান করি এবং কেবলমাত্র সেই বিষয়টি যদি সম্পাদকীয়ভাবে প্রাসঙ্গিক হয় তবে তা প্রদর্শন করি।



## শ্রদ্ধা

আমরা যেভাবে শ্রদ্ধা প্রদর্শন করি এবং এর গুরুত্ব তুলে ধরি




- কোন প্রসঙ্গ বিবেচনায় নিয়ে আমরা ছকে বাঁধা ধারণার অযৌক্তিক ব্যবহারসহ কুসংস্কার এবং বৈষম্যকে উৎসাহিত করে এমন বিষয়বস্তু প্রচার করা থেকে বিরত থাকি।
- আমরা ইংরেজী ছাড়াও অন্যান্য ভাষায় আধেয় প্রচার করি এবং বিস্তৃত দৃষ্টিভঙ্গির প্রকাশকে উৎসাহিত করি।
- আমরা আদিবাসী বিষয়গুলো উপস্থাপনে সংবেদনশীল এবং 'এবরোজিনাল এবং টরে' স্ট্রেইট আইল্যান্ডারদের সাংস্কৃতিক নিয়মকানুন পর্যবেক্ষণ করি।
- আমরা জনগণের গোপনীয়তার প্রতি শ্রদ্ধা জানাই, আমরা আমাদের প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে দায়িত্বের সাথে ভারসাম্য বজায় রাখি।



## জবাবদিহিতা

জবাবদিহিতার জন্য আমরা যেভাবে দায়বদ্ধ

- আমাদের বিষয়বস্তু এবং সার্ভিস সম্পর্কে প্রশংসনীয় বা নিন্দনীয় যে কোন মতামত দেওয়ার সুযোগ আপনার রয়েছে।
- কোড অফ প্র্যাক্টিসের অধীনে অভিযোগের জন্য আমাদের একটি স্বাধীন প্রক্রিয়া রয়েছে, যা এসবিএস অমবাডসম্যান তদন্ত করে।



আরও দেখুন

[sbs.com.au/aboutus/sbs-code-of-practice](https://sbs.com.au/aboutus/sbs-code-of-practice)